



শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান সরকারি ডিগ্রি কলেজ, রাজশাহী।

ক্লাস নং - ০২

বাংলা ১ম পত্র



মোঃ ইউসুফ খান গজনবী

সহঃ অধ্যাপক, বাংলা বিভাগ

✚ প্রিয় শিক্ষার্থীরা, আশা করি সবাই ভালো আছ। সারাবিশ্বে কোভিড-১৯ সংক্রান্ত দুর্যোগ চলছে। এই সময় আমাদের সকলকে এই মহামারী থেকে বাঁচতে বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশনা অনুযায়ী সচেতন থাকতে হবে এবং অবশ্যই নিজ নিজ বাসায় অবস্থান করতে হবে। এমন অবস্থায় তোমাদের পড়াশোনায় নিয়মানুবর্তিতা বজায় রাখতে বাংলা ১ম পত্রের ‘সাম্যবাদী’ পদ্যাংশের সৃজনশীল ও বহুনির্বাচনী প্রশ্ন উপস্থাপন করছি।

### ■ সৃজনশীল

১। শুধাও আমাকে “এত দূর তুমি কোন প্রেরণায় এলে,  
তবে তুমি বুঝি বাঙালি জাতির বীজ মন্ত্রটি শোন নাই  
সবার উপর মানুষ সত্য তাহার উপরে নাই।”

এক সাথে আছি এক সাথে বাঁচি আরও এক সাথে থাকবই

সব বিভেদের রেখা মুছে দিয়ে সাম্যের ছবি আঁকবই।

(ক) ‘আমার পথ’- কোন জাতীয় সাহিত্য কর্ম? ১

(খ) “আমি সে দাসত্ব হতে সম্পূর্ণ মুক্ত”। কথাটি দ্বারা প্রাবন্ধিক কী বোঝাতে চেয়েছেন? ২

(গ) উদ্দীপকে ‘সাম্যবাদী’ কবিতার কোন দিকটি তুলে ধরা হয়েছে ব্যাখ্যা কর। ৩

(ঘ) “উদ্দীপ্ত দিকটি হৃদয়ে লালন করার মাধ্যমে আমরা সুন্দর-সুখী ও সমৃদ্ধ সমাজ গড়ে তুলতে পারব।”- বিশ্লেষণ কর। ৪

### ■ বহুনির্বাচনী অভীক্ষা

১। ‘আবেস্তা’ কাদের ধর্মগ্রন্থ?

(ক) জৈনদের

(খ) হিব্রু জাতির

(গ) মূর্তি উপাসকদের

(ঘ) পারস্যের অগ্নি উপাসকদের

২। পৃথিবী সকল কালের জ্ঞান কোথায় রয়েছে?

(ক) জাদুঘরে

(খ) মানুষের মনে

(গ) সমাজে

(ঘ) জ্ঞানীদের মাঝে

৩। কানফুসিয়া কোন দেশের দার্শনিক?

(ক) জাপান

(খ) নেপাল

(গ) তিব্বত

(ঘ) চীন

৪। ‘সাম্যবাদী’ কবিতায় কতটি ধর্মগ্রন্থের নাম উল্লেখ রয়েছে?

(ক) ৬টি

(খ) ৮টি

(গ) ৪টি

(ঘ) ৫টি

৫। সাম্যের দ্বারা মানুষ -

i. ভেদাভেদ দূর করবে

ii. ধর্মীয় স্বাধীনতা পাবে

iii. জাতিগত শ্রেষ্ঠত্ব পাবে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii

(খ) i ও iii

(গ) ii ও iii

(ঘ) i, ii ও iii

✚ আশা করি, তোমরা প্রশ্নগুলি যথাযথভাবে অনুশীলনের মাধ্যমে নিজেদের প্রস্তুত করবে। ধন্যবাদ।